দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিল্প তথ্য পরিসংখ্যান
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 04 JUN 1989
পৃষ্ঠা ৪ কলাম ৪

০৪

# ডিএইচএমএস পরীক্ষার ফল প্রকাশ

১৯৮৮ সালের জানুয়ারী ও ফেব্রুয়ারী মাসে অনুষ্ঠিত ডিপ্লোমা ইন হোমিওপ্যাথিক মেডিসিন এণ্ড সার্জারী ফাইনাল পরীক্ষার ফলাফল সাময়িকভাবে ঘোষণা করা হয়েছে। পরীক্ষায় ১ হাজার ৩শ' ৭৫ জন পরীক্ষার্থী অংশ নিয়েছেন এবং তাদের মধ্যে ৯শ' ৩০ জন উত্তীর্ণ হয়েছেন। পাসের হার শতকরা ৬৭ দশমিক ৬৩৬ ভাগ।

বাংলাদেশ হোমিও প্যাথিক মেডিকেল কলেজ, ঢাকার ১৬৭ রোল নম্বরধারী পরীক্ষার্থী শেহাব আহম্মদ প্রথম, ফেডারেল হোমিও প্যাথিক মেডিকেল কলেজ ঢাকার ২৮১ রোল নম্বরধারী মিসেস সোহেলা পারভীন দ্বিতীয় এবং একই কলেজের ২৬৬ রোল নম্বরধারী সুনীল বরণ হালদার তৃতীয় স্থান অধিকার করেছেন। প্রেস বিজ্ঞপ্তি।